গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-১১
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০০১.২৫.১৩১

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

**বিষয়: নিয়োগ-বাছাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত**

সূত্র: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং ৫৭.১৭.০০০০.২৮.৪০২.১১.০৫৭.২৬.৪৬৯১ (০৬)/৩১৮৬, তারিখঃ ০৮/০২/২০২৬ খ্রি.

এতদ্বারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং- ৫৭.১৭.০০০০.২৮.৪০২.১১.০৫৭.২৬.৪৬৯১ (০৬)/৩১৮৬, তারিখঃ ০৮/০২/২০২৬ খ্রি. মূলে অধ্যক্ষ সোনাখালী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মোড়েলগঞ্জ, বাগেরহাট-এর আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটির এইচএসসি (বিএম) শিক্ষাক্রমে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ (১ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) অনুযায়ী "পরিচ্ছন্নতা কর্মী" পদে ০১ জন ও "আয়া" পদে ০১ জন, মোট ০২ জন কর্মচারী নিয়োগের লক্ষ্যে গঠিত নিয়োগ-বাছাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ সাইদুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (এমপিও) , কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হল।

উল্লেখ্য ১২ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে জাতীয় পত্রিকা "দৈনিক মানবজমিন" ও স্থানীয় পত্রিকা "দৈনিক অনির্বাণ" পত্রিকায় পুনরায় বিজ্ঞপ্তি দেয়া হয়। পত্রিকা অনুযায়ী আগামী ১১/১০/২০২৬ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রকাশের মেয়াদকাল ০৬ মাস পূর্ণ হবে।

০২। মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট নিয়োগ বাছাই-এর ক্ষেত্রে নিম্নে বর্ণিত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

ক. নিয়োগের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ (১ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত সংশোধিত) এতদসংক্রান্ত পরিপত্র, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিধানাবলী অনুসরণ করতে হবে।

খ.বাছাই পরীক্ষার উপর নির্ধারিত ছকে প্রতিবেদন তৈরী পূর্বক এ শাখায় প্রেরণ করবেন।

০৩। মহাপরিচালক মহোদয়ের মনোনীত প্রতিনিধির কার্যকালের মেয়াদ বাকাশিবো কর্তৃক গঠিত কমিটির মেয়াদ অথবা সর্বশেষ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৬ মাস যেটি আগে শেষ হবে-সে পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। শ্রেণী/শাখা/বিষয় খোলার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে কোনভাবেই এমপিও ভুক্তি করা যাবে না।

০৫। এমপিওভুক্তির প্রস্তাব প্রেরণের সময় নির্বাচনী পরীক্ষার ফলাফলের মূলকপি, ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের অফিস আদেশের কপি প্রেরণ করতে হবে।

০৬। শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-শিম/শা:১৩/এমপিও/৩০-৭/২০০৯/১৯৬, তারিখ: ০৭-০৮-২০১২ইং মোতাবেক জারিকৃত এমপিও সংক্রান্ত প্রজ্ঞাপন অনুযায়ী অনুচ্ছেদ-৪ এর গ-অনুচ্ছেদ (৩) মোতাবেক সর্বশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় গৃহীত নিয়োগ কার্যক্রম বাতিল হয়ে যাবে।

০৭। নিয়োগ কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধির অন্তর্ভুক্তি শিক্ষক/কর্মচারীর এমপিও ভুক্তির নিশ্চয়তা প্রদান করে না। এমপিও নীতিমালায় উল্লেখিত সকল শর্ত পূরণ হলেই কেবলমাত্র তারা এমপিওভুক্ত হওয়ার জন্য বিবেচিত হতে পারেন।

০৮। নিয়োগ প্রদানের ১ (এক) মাসের মধ্যে টেবুলেশন শীট, নিয়োগ-বাছাই কমিটির রেজুলেশন এর সত্যায়িত কপি অত্র দপ্তরের এমপিও শাখায় জমা দিতে হবে।

০৯। স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.৯৯.০০১.২১-৮৬, তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি. অনুযায়ী নির্দেশিকা অনুসরণ করে কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১০। অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন, ভূয়া/জাল কাগজপত্র দাখিল, প্রাপ্যতা না থাকা স্বত্বেও আবেদন প্রেরণ সহ জাতীয় পরিচয় পত্র ও একাডেমিক সনদ মোতাবেক তথ্যের গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগপ্রাপ্ত হলেও তার নিয়োগ বিধি সম্মত নয় মর্মে বিবেচিত হবে এবং প্রতিষ্ঠান প্রধান/সদস্য সচিব তার সকল দায়ভার বহন করবেন।

১১। এ নিয়োগ পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানেই অনুষ্ঠিত হতে হবে।

**সংযুক্তিঃ**

(১) বৈধ প্রার্থীর তালিকা

Slkhan

২৭-০৮-২০২৬
মোহাম্মদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)

অধ্যক্ষ
সোনাখালী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, গ্রামঃ সোনাখালী, উপজেলাঃ মোড়েলগঞ্জ, জেলাঃ বাগেরহাট।

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০০১.২৫.১৩১/১ (৮)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
৪। জনাব মোঃ সাইদুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, সোনাখালী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), আইসিটি সেল , কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৮। সংরক্ষণ নথি, এমপিও শাখা, খুলনা বিভাগ।

Slkhan

২৭-০৮-২০২৬
মোহাম্মদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)